গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
কৃত্রিম প্রজনন দপ্তর,প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক,ফার্মগেট,ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নংঃ-৩৩.০১.০০০০.৬০০.২২.০০৬.১৭- ৩৮০ তারিখঃ-২০/০৬/২০২৩ খ্রিঃ।

**বিষয়ঃ গত ২৯-০৫-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত National Technical Regulatory Committee (NTRC) এর ৮ম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

National Technical Regulatory Committee (NTRC) কমিটির আহবায়ক এ.টি.এম. মোস্তফা কামাল, অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ -২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ২৯-০৫-২০২৩ইং তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

মহাপরিচালক,
প্রাণিসম্পদ অধিদপ্তর,
বাংলাদেশ, ঢাকা।

২০/০৬/২৩
(ডাঃ আনন্দ কুমার অধিকারী)
পরিচালক (চলতি দায়িত্ব)
কৃত্রিম প্রজনন দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

E:/saiful/ntrc minutes 13-11-2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক,ফার্মগেট,ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

## National Technical Regulatory Committee (NTRC) এর ৮ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এ.টি.এম. মোস্তফা কামাল<br>অতিরিক্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | ঃ | ২৯-০৫-২০২৩খ্রিঃ |
| সময় | ঃ | বেলা ২.৩০ ঘটিকা |
| সভাস্থল | ঃ | কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর এর সভা কক্ষ |
| উপস্থিতি | ঃ | সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা (পরিশিষ্ট"ক")। |

সভাপতি, NTRC সভার শুরুতে উপস্থিত অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। এরপর সদস্য সচিব পরিচালক, কৃত্রিম প্রজননকে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান করেন।

২। পরিচালক, কৃত্রিম প্রজনন পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। ৭ম সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ কার্যবিবরণী অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং সর্ব সম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা, বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন,এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন/নবায়ন এবং বিবিধ বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

৩। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলি বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ সভায় দেশীয় জাত নর্থ বেঙ্গল গ্রে, মুন্সীগঞ্জ, পাবনা জাতের সাথে নেত্রকোনা হিল ব্ল্যাক জাতের গরুকেও অন্তর্ভুক্তি করে এই চারটি জাতের সংরক্ষণ, উন্নয়ন এবং নতুন জাত হিসেবে স্বীকৃতি পেতে প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য সকল স্টেক হোল্ডারদের সাথে নিয়ে বিশেষত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ সহ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, সাভার, ঢাকাকে অগ্রনী ভূমিকা পালন করতে হবে মর্মে অভিমত প্রকাশ করেন।

৪। ড. ফারুকুল ইসলাম, ব্র্যাক এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কর্মীরা কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ মেনে না চললে সংশ্লিষ্ট কর্মীকে অভিযুক্ত করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেন, যাতে সরাসরি প্রতিষ্ঠানের নিবন্ধন নবায়নে কোন প্রভাব না ফেলে।

৫। ড. কাজী মোঃ এমদাদুল হক, লালতীর এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, দেশের ভিতরে জন্ম হওয়া পিওর হলিস্টিন জাতের বুল ব্রিডিং এর কাজে ব্যবহারের জন্য সুযোগ থাকা উচিত।

৬। ডাঃ মোঃ শাহীনুর আলম, পরিচালক, সম্প্রসারণ সভায় , দেশে নিবন্ধিত সকল প্রতিষ্ঠানের শর্ত প্রতিপালনের অবস্থা গভীর ভাবে পর্যালোচনা করার বিষয়ে মত প্রকাশ করেন।

৭। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা , কৃত্রিম প্রজনন করার পর এআই কার্ড এবং স্ট্র খামারীদের নিকট হস্তান্তর করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

৮। ড. মোঃ গোলাম আজম, পিএসও, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকা, বেসরকারি দুইটি প্রতিষ্ঠানের কর্মীদের রেজিষ্ট্রার পরীক্ষা করে তথ্য সংরক্ষণের অনুপস্থিতি পাওয়া যায়। এ সব প্রতিষ্ঠানের নিবন্ধন নবায়ন বাতিল বা কিছু সময়ের জন্য স্থগিত করার বিষয়ে অভিমত প্রকাশ করেন।

৯। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, মাঠ পর্যায়ে গাভীকে কৃত্রিম প্রজনন করার পর এআই কার্ড খামারীদের নিকট হস্তান্তর করা বাধ্যতামূলক করা জরুরী বলে মত প্রকাশ করেন।

১০। জনাব এ.টি.এম মোস্তফা কামাল, সভাপতি,এনটিআরসি উল্লেখ করেন যে, যেহেতু NTRC কর্তৃক গঠিত উপকমিটি সমূহের কার্যকাল ০২(দুই) বৎসর মেয়াদ হিসাবে গত ২৫/৩/২০২৩ ইং তারিখে শেষ হয়েছে,( কমিটি গঠন ২৫/৩/২০২১) সেহেতু ভূতাপেক্ষভাবে উক্ত কমিটি সমূহের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। কোন কর্মীর কর্মে অবহেলা পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করে প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকেই করতে হবে অন্যথায় নিবন্ধন নবায়নে প্রভাব পড়বে। দেশীয় জাতের গরু সংরক্ষণের জন্য প্রয়োজনীয় গবেষণা ও সম্প্রসারণ কার্যক্রম আরও বেগবান করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন করে চালু করতে হবে। ইতিমধ্যে আমদানিকৃত বিদেশী জাতের গরু পালনের বিষয়ে আমাদের দেশে তাদের ফলাফল পর্যালোচনা করা দরকার

১১। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১১.১ | NTRC এর কাজে সহায়তা করার জন্য ২০২১ সালে গঠিত ৩ (তিন) টি কারিগরি উপ-কমিটি সমূহের সদস্যদের কোনরুপ সংযোজন বা বিয়োজন না করে কারিগরি উপ-কমিটি সমূহের মেয়াদ ভূতাপেক্ষভাবে পরবর্তী সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, NTRC |
| ১১.২ | **<u>বুল স্টেশন নিবন্ধন/ নবায়ন সংক্রান্ত সুপারিশ ঃ</u>**<br>**১১.২.১** ইজাব এলায়েন্স লিঃ, জগন্নাথপুর, সিংগিয়া, ঠাকুরগাঁও এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়ন প্রদানের সুপারিশ করা হলো ।<br><br>**১১.২.২** লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিঃ এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়ন প্রদানের সুপারিশ করা হলো।<br><br>**১১.২.৩** আমেরিকান ডেইরী লিঃ ভাংনাহাটি, শ্রীপুর,গাজীপুর এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়ন প্রদানের সুপারিশ করা হলো।<br><br>**১১.২.৪** ইউএসএস এগ্রো, বড়াইগ্রাম, নাটোর এর ব্ল্যাক বেঙ্গল পাঁঠা পালন ও সিমেন উৎপাদন এবং ছাগলের কৃত্রিম প্রজনন প্রশিক্ষণের আবেদন NTRC সভায় পর্যালোচনা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটির প্রজেক্ট প্রোফাইল, লক্ষ ও উদ্দেশ্য, জাত উন্নয়নে বিজ্ঞান ভিত্তিক পরিকল্পনা ইত্যাদিসহ সরকারের নির্ধারিত ফরমে যথাযথভাবে আবেদন পূরণপূর্বক সংশ্লিষ্ট উপকমিটির নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১১.৩ | **<u>বিভিন্ন প্রতিষ্টানের ব্রিডিং বুল প্রত্যয়ন</u>**<br>**১১.৩.১** ইজাব এলায়েন্স লিঃ, জগন্নাথপুর, সিংগিয়া, ঠাকুরগাঁও এর উপস্থাপিত ১২(বার) টি ট্রায়াল ষাঁড় হতে ৭(সাত) টি বুল যার আইডি যথাক্রমে ২০১, ২০২, ৪৫১, ৪৫২, ৪৫৩, ৪৫৪, ও ৫১৬ হতে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন এবং ৪৫৫, ৫১৭, ৫১৮, ৫৩৮ ও ৫৩৯ নম্বর বুল ৫ (পাঁচ)টি প্রত্যয়ন না করার সুপারিশ করা হয়।<br>**১১.৩.২** লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিঃ এর উপস্থাপিত ৫(পাঁচ) টি ট্রায়াল ষাঁড় হতে চার(চার) টি বুল যার আইডি যথাক্রমে 21SL0056 (SAMAN), 21SL0058 (SINAN), 21RC0030 (ROBIN) ও 20HO0189 (HERVIN) হতে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন এবং 21HO0212 (NEYMAR) ও নম্বর বুল ১ (এক)টি প্রত্যয়ন না করার সুপারিশ করা হয়। **22HO0221, 22HO0231** এই দুইটি বুলের পুনঃবিবেচনার আবেদন গৃহীত হওয়ায় প্রত্যয়ন করার সুপারিশ করা হয়। | বেসরকারী সংস্থা, পরিচালক, কৃত্রিম প্রজনন<br>মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | ১১.৩.৩ ব্র্যাক বুল এন্ড বাক স্টেশন, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর উপস্থাপিত ০৬(ছয়) টি ট্রায়াল ষাঁড় হতে ০৬(ছয়) টি বুল আইডি যথাক্রমে 22-348-01-21, 22-346-08-21, 22-350-05-21, 21-319-03-20, 21-320-05-20 ও 21-321-09-20 হতে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করার সুপারিশ করা হয়।<br><br>১১.৩.৪ এসিআই এনিম্যাল জেনেটিক্স এর **152, 166** এই দুইটি বুলের পুনঃবিবেচনার আবেদন গৃহীত হওয়ায় প্রত্যয়ন করার সুপারিশ করা হয়।<br><br>১১.৩.৫ সজাগ এর প্রত্যায়িত বুল আইডি-৩৮ এবং ৪১ অন্য প্রতিষ্ঠানের নিকট শর্ত সাপেক্ষে হস্তান্তর করার অনুমতি প্রদানের সুপারিশ করা হয়। | |
| ১১.৪ | দেশীয় গবাদিপশু নর্থ বেঙ্গল গ্রে, মুন্সীগঞ্জ, পাবনা এবং নেত্রকোনা হিল ব্ল্যাক এর সংরক্ষণ, উন্নয়ন এবং নতুন জাত হিসেবে স্বীকৃতি পেতে প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য সকল স্টেক হোল্ডারদের সহযোগিতা নিয়ে প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা-কে অতি দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের সুপারিশ করা হয়। | প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ১১.৫ | <u>বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্তঃ</u><br><br>১১.৫.১ প্যারামাউন্ট এগ্রো লিমিটেড, হাউজ নং২২, লেভেল-২,৫-৮,রোড নং -১১৩/এ গুলশান-২,ঢাকা-১২১২। আমেরিকার স্থলে অস্ট্রেলিয়া ও থাইল্যান্ড থেকে গবেষণা কাজের জন্য পিওর ফ্রিজিয়ান জাতের ৩০ টি বকনা এবং ১০০ ডোজ পিওর ফ্রিজিয়ান জাতের এমব্রায়ো, ১০০ ডোজ পিওর শাহীওয়াল জাতের এমব্রায়ো আমদানির আবেদন পূর্বের সিদ্ধান্তের আলোকে আমেরিকা হতে অনুমোদিত বকনা ও এমব্রায়ো আমদানির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১১.৫.২ সাদিক এগ্রো, স্বত্ত্বধিকারীঃ মোঃ ইমরান হোসেন, ৭ নং লোহাগেইট, নবীনগর হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ নিজস্ব খামারে পালনের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদনের লক্ষ্যে দুবাই হতে ৫০ টি উট আমদানির আবেদন অনুমতি প্রদান না দেওয়ার সুপারিশ করা হয়।<br><br>১১.৫.৩ মেসার্স নজরুল এন্ড সন্স,গোদাগাড়ি রোড, পৌরসভা,চাঁপাইনবাবগঞ্জ সদর । ভারত হতে শর্ত সাপেক্ষে মুররাহ জাতের ১০ টি বকনা মহিষ ও ১০টি গর্ভবতী বকনা মহিষ আমদানির অনুমতি প্রদান করার সুপারিশ করা হয়।<br><br>১১.৫.৪ মোঃ রকিবুর রহমান (টুটুল) নাহার এগ্রো কমপ্লেক্স লিঃ, সাউথ খুলশী,চট্টগ্রাম । **USA** হতে **WORLD WIDE SIRES, LTD** এর মাধ্যমে **HOLSTEIN FROZEN BULL SEMEN STRAWS** ২০০০ মাত্রা আমদানির অনুমতি প্রদানের সুপারিশ করা হয় ।<br><br>১১.৫.৫ মোঃ রকিবুর রহমান (টুটুল) নাহার এগ্রো কমপ্লেক্স লিঃ, সাউথ, খুলশী, চট্টগ্রাম **USA** হতে **TEXAS CATTLE EXPORTS LLC** এর মাধ্যমে **HOLSTEIN FROZEN BULL SEMEN STRAWS** ৫০০০ মাত্রা আমদানির অনুমতি প্রদানের সুপারিশ করা হয় ।<br><br>১১.৫.৬ নূর-এ-মদিনা বিজনেস সেন্টার,সেকশন-১০, ব্লক-সি, রোড নং -১০, বাহরাইন হতে ০৩ টি হেজাজী গোট আমদানির আবেদন অনুমতি প্রদান না দেওয়ার সুপারিশ করা হয়।<br><br>১১.৫.৭ মোঃ সাব্বির আহমেদ, ম্যানেজার (বিজনেস ডেভেলপমেন্ট এন্ড সেলস), বায়োজিন ২৪/১, চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা -১২১৭। **A.L.H Genetics B. V for A.L.H Genetics** ইউএসএ হতে ১১০ (একশত দশ) পিস পিওর হলিস্টিন জাতের গভীর হিমায়িত এমব্রায়ো আমদানির আবেদন অনুমতি প্রদানের সুপারিশ করা হয় ।<br><br>১১.৫.৮ মেঘনা ডেইরি এন্ড পোল্ট্রি ফার্ম, উপররাজারামপুর, রাজশাহী রোড, চাঁপাইনবাবগঞ্জ সদর ভারত থেকে শর্ত সাপেক্ষে মুররা জাতের ১০টি বকনা মহিষ ও ১০টি গর্ভবতী বকনা মহিষ আমদানির অনুমতি প্রদানের সুপারিশ করা হয়।<br><br>১১.৫.৯ মেসার্স মেঘনা ডেইরী এন্ড পোল্ট্রি ফার্ম, উপররাজারামপুর, রাজশাহী রোড, চাঁপাইনবাবগঞ্জ | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | **সদর নেপাল থেকে মুররা জাতের ৫০০ (পাঁচশত) টি মহিষ আমদানির আবেদন অনুমতি প্রদান না দেওয়ার সুপারিশ করা হয়।**<br>**১১.৫.১০ মেসার্স সারা এগ্রো ফার্ম এন্ড হ্যাচারী, ৫৯৬/বালুয়াকান্দা, অন্নতপুর, শাহ সুলতান রোড, নেত্রকোণা-২৪০০। দুবাই হতে ২০০ (দুইশত) টি লাইভ এনিমেলস (র‍্যাবিট ) আমদানির অনুমতি প্রদান না দেওয়ার সুপরিশ করা হয়।**<br>**১১.৫.১১ মেসার্স সারা এগ্রো ফার্ম এন্ড হ্যাচারী,৫৯৬/বালুয়াকান্দা, অন্নতপুর, শাহ সুলতান রোড, নেত্রকোণা-২৪০০। দুবাই হতে তুর্কী দুম্বা - ৫০ টি, সুদানি দুম্বা- ৫০ টি আমদানির আবেদন অনুমতি প্রদান না দেওয়ার সুপারিশ করা হয়।**<br>**১১.৫.১২ মেসার্স সারা এগ্রো ফার্ম এন্ড হ্যাচারী, ৫৯৬/বালুয়াকান্দা, অন্নতপুর, শাহ সুলতান রোড, নেত্রকোণা-২৪০০। দুবাই হতে ৩০ টি আফ্রিকান বোয়ের গোট, ৩০ টি এ্যারাবিয়ান হেজাজী গোট, ৩০ টি সানিন গোট আমদানির অনুমতি প্রদান না দেওয়ার সুপারিশ করা হয়।**<br>**১১.৫.১৩ হামিম এগ্রো, নোয়াপাড়া,ব্রাম্মণহাট,পাঁচখাইন রোড, রাউজান, চট্টগ্রাম ভারত থেকে মুররা জাতের মহিষ- ৫৫০টি,শাহীওয়াল জাতের বাছুর-৩৫০ টি ও মুন্ডি জাতের গাভী-১০০ টি আমদানির অনুমতি প্রদান না দেওয়ার সুপারিশ করা হয় হয়।**<br>**১১.৫.১৪ অবিডেন্ট করপোরেশন,সুইটঃ ৯ডি, ২১০/২ ড. কুদরত ই খোদা রোড, এলিফ্যান্ট রোড, ঢাকা- ১২০৫। ভারত হতে মুররাহ জাতের ২৫০০ জোড়া ষাঁড় মহিষ এবং ২৫০০ জোড়া গাভী মহিষ আমদানির অনুমতি প্রদান না দেওয়ার সুপারিশ করা হয়।**<br>**১১.৫.১৫ খোঁয়ার ভেড়া খামার,প্রোপ্রাইটরঃ আবুল হাসান মোঃ শাহরিয়ার,রাধাকান্তপুর দক্ষিণপাড়া,বুড়িপোতা, মেহেরপুর সদর, মেহেরপুর। জন্মস্থান/উৎপত্তিস্থল হতে শর্ত সাপেক্ষে রমোনি মারস জাতের ভেড়া ৪৪(চুয়াল্লিশ) টি (পুরুষ জাতের ০৪টি ও মহিলা জাতের ৪০ টি) এবং লোহি জাতের ভেড়া ২২( বাইশ) টি (পুরুষ জাতের ০২ টি ও মহিলা জাতের ২০ টি) আমদানির অনুমতি প্রদানের সুপারিশ করা হয়।**<br>**১১.৫.১৬ ইয়াছিন এগ্রো এবং সাদিক এগ্রো কর্তৃক মোট ৯(নয়)টি আমদানির আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক যাচাই বাছাই করে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।** | |
| **১১.৬** | পূর্ববর্তী সভার গৃহীত সুপারিশের সিদ্ধান্তসমূহ অধিকতর আন্তরিকতার সাথে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী সংস্থা, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এ.টি.এম মোস্তফা কামাল)
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ও
সভাপতি, NTRC।